শহিদ হতে পারিনি শহিদ পরিবারের সদস্য হতে চাই: ডা. শফিকুর রহমান

চেম্বার ডেস্ক: বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, বৈষম্যবিরোধী আন্দোলনে স্বজন হারানোর শোকগুলো একত্র করে আমরা শক্তিতে রূপান্তর করব। আমরা অঙ্গীকার করব যে, আমরা শহিদদের মর্যাদা রাখব। তার সঙ্গে বিশ্বাসঘাতকতা করব না। জামায়াতে ইসলামী একটি ইসলামি রাজনৈতিক দল। আমরা চাই সৎ নেতৃত্ব বসুক। দেশপ্রেমিক নেতৃত্ব বসুক।

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে বৃহস্পতিবার বৈষম্যবিরোধী আন্দোলনে নিহতদের পরিবারের সদস্যদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। এ সময় তিনি ৪০টি পরিবারের মধ্যে ৮০ লাখ টাকা আর্থিক অনুদান দেন।

কেন্দ্রীয় ও কর্মপরিষদ সদস্য, নারায়ণগঞ্জ মহানগরী আমির মুহাম্মদ আব্দুল জব্বারের সভাপতিত্বে এবং সেক্রেটারি জাহিদুল ইসলামের পরিচালনায় মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য সাইফুল আলম খান মিলন, মাওলানা মঈন উদ্দিন আহমদ, প্রিন্সিপাল ডা. মোহাম্মদ ইকবাল হুসাইন ভূঁইয়া, মাওলানা আব্দুল কাইয়ুম প্রমুখ।

জামায়াতে ইসলামীর আমির আরও বলেন, আমরা আজ শহিদ পরিবারের কাছে এসেছি সান্ত্বনা দেওয়ার জন্য নয় বরং আমরা এসেছি অনুপ্রেরণা নেওয়ার জন্য। তারা বরই সৌভাগ্যবান শুধু শহিদদের হাশরের দিনে আল্লাহ জিজ্ঞাসা করবেন, ‘তুমি তোমার জীবনের সর্বোচ্চ সম্পদ আমার জন্য দান করেছ। আজ আমি আমার জান্নাতের সব দুয়ার তোমার জন্য খুলে দিলাম।’

তিনি বলেন, বৈষম্যবিরোধী আন্দোলনে জাতি, ধর্ম ও দলের মধ্যে কোনো ব্যবধান ছিল না। এখানে অন্য ধর্মের অনেক লোকও নির্মমভাবে মারা গেছেন। আমরা তাদের সবাইকে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করব।